# শ্রীবরদী উপজেলা পরিষদের মার্চ/২৫ খ্রি. মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব শেখ জাবের আহমেদ
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'সোমেশ্বরী'
তারিখ ও সময় : ১৩-০৩-২০২৫ খ্রি. বেলা: ১২.০০ টা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো :

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের উপর পর্যায়ক্রমে আলোচনার আহবান করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক) বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী সভায় গত মাসিক সাধারন সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকলে তা অনুমোদনের প্রস্তাব করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীবরদী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী |

খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছিল সে সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান প্রক্রিয়া ও সন্তোষজনক রয়েছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |

গ) বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা:

উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর সকল বিভাগীয় প্রধানগণকে নিজ নিজ বিভাগের কার্যক্রম অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করার অনুরোধ জানান।

১। উপজেলা কৃষি বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের খরিপ মৌসুমে উফশী আউশ আবাদ এবং উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। এ কর্মসূচির আওতায় ৪৯০ জন কৃষক এ সুবিধা পাবেন। সুবিধাভোগী প্রতি কৃষক ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি,১০ কেজি পটাশ সার পাবেন। উপজেলা কৃষি ও পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির অনুমোদিত তালিকা অনুযায়ী উপকরণ বিতরণ করা হবে। উপজেলা কৃষি সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। মাঠ পর্যায়ে কৃষকদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।<br>২। প্রনোদনা ও পুর্নবাসনের আওতায় প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে উপকরণ বিতরণ ও ১০০% বাস্তবায়ন করতে হবে<br>৩। কৃষি প্রণোদনার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৪। কৃষি প্রনোদনা ও পুনর্বাসন আওতায় যাবতীয় ক্রয় সরকারি ক্রয় নীতি অনুসরণপূর্বক ক্রয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, শ্রীবরদী। |

২। স্বাস্থ্য বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, শ্রীবরদী সভায় জানান যে, হাসপাতালে চোরের উপদ্রপ বৃদ্ধি পেয়েছে। তিনি হাসপাতালে রাত্রিকালীন পুলিশ টহল জোরদার করার অনুরোধ জানান। তিনি হাসপতাল কম্পাউন্ডে সোলার স্ট্রিট লাইট স্থাপনের জন্য পৌর প্রশাসককে অনুরোধ করেন। এ ছাড়া হাসপতালের বর্জ্য নিয়মিতভাবে অপসারণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। হাসপাতালে পুলিশ টহল সেবা বৃদ্ধি করতে হবে।<br>২। হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যহতসহ বর্জ্য নিয়মিত অপসারণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী<br>২। সংশ্লিষ্ট সকল। |

৩। মৎস্য বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মৎস্য অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আওতায় দহেরপাড়ে একটি প্রদর্শনী খামার স্থাপিত হয়েছে। ২টি ট্রেনিং কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বিল নার্সারী স্থাপনের প্রস্তুতি চলছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। মৎস্য খামার পরিদর্শন অব্যহত রাখতে হবে।<br>২। মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের পরামর্শ কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা মৎস্য অফিসার, শ্রীবরদী। |

৪। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী সভায় জানান যে, প্রকল্প তালিকা পাওয়া না যাওয়ায় ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন ও রাজস্ব উন্নয়ন কর্মসূচির কার্যক্রম এখনো শুরু করা যায়নি। তিনি দ্রুত প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি জানান, শ্রীবরদী-শিমুলচূড়া-ফুলকারচর রাস্তা ( রোড আইডি ৩৮৯৯০২০০৮) এর চেইনেজ ৪৯৭৪ মি. ও ৫৯৪০ মি. এ দুইটি ১ ভেন্টের বক্স কালভার্ট নিলামের প্রস্তাব অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া শ্রীবরদী এলজিইডি'র অধিন ১৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় , উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এক্সটেনশন ও মেরামত কাজসহ এলজিইডির নির্মাণাধীন সকল রাস্তা, ব্রিজ ও কালভার্টের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান, ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক (কোড নং ২২১০০০৪০০) থেকে ১৯ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-১৬৮ নং স্মারকপত্রে ১ম কিস্তিতে শ্রীবরদী উপজেলার বিভিন্ন কাজের জন্য ৪০.০০ লক্ষ টাকা, একই খাত হতে ২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৪৬১ নং স্মারকপত্রে ২য় কিস্তিতে ৫৭.০০ লক্ষ টাকা এবং ০৯ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৬৯৬ নং স্মারকপত্রে ৩য় কিস্তিতে ৪০.০০ টাকা বরাদ্দ প্রদান করেছে। | সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়-<br>১। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও রাজস্ব উন্নয়ন প্রকল্প তালিকা দ্রুত জমা দিতে হবে।<br>২। শ্রীবরদী-শিমুলচূড়া-ফুলকারচর রাস্তা ( রোড আইডি ৩৮৯৯০২০০৮) এর চেইনেজ ৪৯৭৪ মি. ও ৫৯৪০ মি. এ দুইটি ১ ভেন্টের বক্স কালভার্ট নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সময় স্বল্পতার কারণে ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক (কোড নং ২২১০০০৪০০) থেকে পৃথকভাবে প্রাপ্ত ৩ টি কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ সমূহের বিপরীতে কাজ অফ লাইন কোটেশনের মাধ্যমে সম্পাদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী<br>২। উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী। |

চলমান পাতা ০২

৫। প্রাণি সম্পদ বিভাগ:

**আলোচনা**

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীবরদী সভায় জানান যে, চলতিমাসে প্রাণিসম্পদ দপ্তরে নিম্নে উল্লেখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

| ক্রম | কার্যক্রমের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | চলতি মাসের লক্ষ্যমাত্রা | চলতি মাসে অর্জন | ক্রম:পুঞ্জিত অর্জন | ক্রম. পুঞ্জিত অজর্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা | ১৮৬০০ | ১৫৫০ | ১৮২৫ | ১২৫০০ | ১২০৯০ | ৬৫% |
| | ক. তরল সিমেন দ্বারা | ০ | ০ | ০ | ০ | ০ | ০% |
| | খ. হিমায়িত সিমেন দ্বারা | ১৮৬০০ | ১৫৫০ | ১৮৬৫ | ১৫৫০০ | ১২০৯০ | ৬৫% |
| ২ | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ৭৪০০ | ৬১৭ | ৬৫২ | ৬১৬৭ | ৫৬১৪ | ৭৫.৮৬% |
| ৩ | সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | ৬৮১০০০ | ৫৬৭৫০ | ৬৭২০০ | ৫৬৭৫০০ | ৪৭৭৭০০ | ৭০.১৫% |
| | ক) গবাদি পশু (সংখ্যা) | ৫৯০০০ | ৪৯১৭ | ২২০০ | ৪৯১৬৭ | ৯১৭০০ | ১৫৫.৪২% |
| | খ) হাঁস-মুরগী (সংখ্যা) | ৬২২০০০ | ৫১৮৩৩ | ৬৫০০০ | ৫১৮৩৩৩ | ৯৮৬০০০ | ৬২.০৬% |
| ৪ | গবাদি পশুর চিকিৎসা (প্রদান) | ২৫০০০ | ২০৮৩ | ২২৮১ | ২০৮৩৩ | ২২৩৭৪ | ৮৯.৫% |
| ৫ | হাস মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ২২৫০০০ | ১৮৭৫০ | ২০০০৫ | ১৮৭৫০০ | ১৯৫৮৭৯ | ৮৭.০৬% |
| ৬ | পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৪৯ | ৪ | ৬ | ৪১ | ৪৫ | ৯১.৮৪% |
| ৭ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ১২০ | ১০ | ১১ | ১০০ | ১১১ | ৯২.৫% |
| ৮ | গবাদি পশুর ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ৩২ | ৩ | ৩ | ২৭ | ৩০ | ৯৩.৭৫% |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা | ১০ | ১ | ১ | ৮ | ৯ | ৯০% |
| ১০ | খামারী প্রশিক্ষণ প্রদান | ৩০০ | ২৫ | ২৫ | ২৫০ | ২৫৩ | ৮৪.৩৩% |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা | ৪৬ | ৪ | ০ | ৩৮ | ৪৬ | ১০০% |
| ১২ | উঠান বৈঠকে আয়োজন সংখ্যা | ৯০ | ৮ | ৮ | ৭৫ | ৮০ | ৮৮.৮৯% |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ২১ | ১.৭৫ | ২.৭৫ | ১৭.৫ | ১৭.২৫ | ৮২.১৪% |
| ১৪ | খামার/ফিড মিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১৪৫ | ১২ | ১২ | ১২১ | ১১৯ | ৮২.০৭% |
| ১৫ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৪ | ০ | ১ | ৩ | ৬ | ১৫০% |
| ১৬ | গবাদি পশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১০ | ১ | ১ | ৮ | ১০ | ১০০% |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনা করা (সংখ্যা) | ২ | ০ | ০ | ২ | ০ | ০% |
| ১৮ | দুধ উৎপাদন মে.টন) | ৩০০০০ | ২৫০০ | ২৫১৯.৭৯ | ২৫০০০ | ২৫২৮২.৮৮ | ৮৪.২৮% |
| ১৯ | মাংস উৎপাদান মে.টন) | ১৮৪৮০ | ১৫৪০ | ১৭০২.৫৭ | ১১৫৪২০ | ১৭৭২০.৮৬ | ৯৫.৮৯% |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৫৬৫.৩৭৬ | ৪৭.১১. | ৪৮ | ৪৭১.১ | ৪৭৯ | ৮৪.৭২% |

**সিদ্ধান্ত:** স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা প্রাণি সম্পদ অফিসার, শ্রীবরদী

৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

**আলোচনা**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, চলতি মাসে নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে।

| ক্রম | কাজের নাম | বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সেতু/ কালভার্ট-০১টি | ৯০% কাজ হয়েছে | কাজ চলমান |
| ২ | এইচবিবি করণ রাস্তা- ০১ টি | ৭০% কাজ হয়েছে | টেন্ডার কার্যক্রম চলমান |
| ৩ | ১ম ও ২য় পর্যায়<br>টিআর ১,৫৩,৩৩,৪৩১/-<br>কাবিটা ১,৬১,৮৬,৯৩৯/-<br>কাবিখা (গম) ১১৫.৬২১ মে.টন<br>কাবিখা (চাল) ১১৫.৬২১ মে.টন | টিআর, কাবিটা ও কাবিখা (গম) এর বিপরীতে প্রাপ্ত তালিকা অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। | বিতরণ চলমান |
| ৪ | ঢেউটিন ও নগদ অর্থ -৬০ বান্ডিল ও ১,৮০,০০০/- | ৫২ বান্ডিল ঢেউটিন ও নগদ ১,৫৬,০০০ টাকা বিতরণ করা হয়েছে। | বিতরণ চলমান |
| ৫ | খেজুর বরাদ্দ ৮ কার্টুন | মজুদ রয়েছে | - |
| ৬ | বীর নিবাস-১ টি | সিডিউল বিক্রয় চলমান | - |

এছাড়া তার দপ্তরের সকল কাজ স্বাভাবিক রয়েছে।

**সিদ্ধান্ত:** সকল প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী।

৭। সমাজসেবা অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরের জন্য নতুন ৭৮৯ জন প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গেছে। অধিদপ্তরের বিভাজন মোতাবেক অনলাইনে আবেদনকারীদের মধ্য হতে উপকারভোগীদের প্রাথমিক বাছাইয়ের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের পত্র মারফত জানানো হবে। দ্রুততম সময়ের মধ্যে উপকারভোগীর প্রাথমিক তালিকা প্রস্তুত করে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন। জরিপের আওতায় না আসা প্রতিবন্ধীদের উপজেলা সমাজসেবা অফিসে এসে সুবর্ণ নাগরিক কার্ড গ্রহণ ও ভাতা প্রাপ্তির আবেদন করার অনুরোধ ও জনপ্রতিনিধিদের এ বিষয়ে প্রচারণার জন্য অনুরোধ জানান। আগামী ১০ মার্চ, ২০২৫ এর মধ্যে প্রতিস্থাপন তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | প্রতিস্থাপনযোগ্য নতুন ভাতাভোগীদের তালিকা দ্রুত প্রেরণ করতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)। ২। উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী। |

৮। প্রাথমিক শিক্ষা বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম স্বাভাবিক চলছে। শিক্ষকদের প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রি-প্রাইমারির বই বিতরণ সম্পন্ন হয়েছে। শিক্ষা অফিসের ভবন সম্প্রসারণ কাজ সঠিকভাবে চলমান রয়েছে। কিছু কিছু প্রাথমিক বিদ্যালয়ে চুরি সংগঠিত হচ্ছে। এ বিষয়ে প্রধান শিক্ষকদের নির্দেশনা দেয়া হয়েছে এবং স্থানীয়দের অবহিত করা হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। | ১। চুরি বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। বিদ্যালয়ে শিক্ষক উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৪। বিদ্যালয়ের শ্রেণিকক্ষসহ আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা<br>২। উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী। |

৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, আগামী ১০ এপ্রিল, ২০২৫ খ্রি. হতে এসএসসি/দাখিল/ভোকেশনাল (দশম সমাপনী) পরীক্ষা ৫টি কেন্দ্রের ভ্যানুসহ ৮ টি প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পাদনে সবার সবার সহযোগিতা কামনা করেন। ষষ্ঠ ও একাদশ শ্রেণির উপবৃত্তি ডাটা এন্ট্রির কাজ চলছে। ২০২৬ সালের বইয়ের চাহিদা প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে তা সমন্বয় পূর্বক প্রেরণ করা হয়েছে। এছাড়া অফিসরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সকলের সহযোগিতা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী। |

১০। পরিবার পরিকল্পনা বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, উপজেলার সর্বমোট সক্ষম দম্পতি ৫৮৫৯৭ জন। সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৪৩৩৭০ জন, হার ৭৫.৬৮%। মার্চ/২০২৫ মাসে দীর্ঘ মেয়াদী পদ্ধতির অগ্রগতি/ সম্পাদন আইইউডি ৭২২ জন, ইমপ্লান্ট ৩৯২১ জন, খাবার বড়ি ২৩৯৫১জন, কনডম ৩২৪০জন এবং ইনজেকটেবলস ৮৫৬০। মার্চ/২৫ মাসে গর্ভকালীন সেবা প্রদান ২৪৮ জন, প্রসবোত্তর সেবা (মা ও নবজাতক) ৪৮ জন। স্বাভাবিক প্রসব সেবার: কাকিলাকুড়া মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্র ০২টি এবং গোশাইপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্র ৩ টি স্বাভাবিক ডেলিভারী সম্পন্ন হয়েছে। পদ্ধতি বিতরণ: খাবার বড়ি সুখী ৩৫৬৬ চক্র, আপন ৬০ চক্র, কনডম ৭২৮৯ পিস এবং ইনজেকটেবল ভায়াল ৪৩৭ পিস। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী। |

১১। মহিলা বিষয়ক অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ চক্রের কার্যক্রম চলমান রয়েছে। সার্ভারের মেইন্টেইন্স চলমান থাকায় মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম সাময়িক বন্ধ রয়েছে। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। বাল্যবিবাহ প্রতিরোধে উঠান বৈঠকের কার্যক্রম চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এপ্রিল/২৫ থেকে নাস্তার বরাদ্দ কমিয়ে জনপ্রতি (ভ্যাট, আইটিসহ) ১৮ (আঠারো) টাকা করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। মা ও শিশু সহায়তা কর্মসূচির ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরনী আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২। ভিডাব্লিইবি বিতরণ কার্যক্রমে ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে হবে। ট্যাগ অফিসারের অনুপস্থিতে কোন ভাবেই বিতরণ কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং ট্যাগ অফিসারের বিকল্প হিসাবে প্রতিনিধি প্রেরণ করা যাবে না।<br>৩। নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীবরদী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট সকল। |

১২। উপজেলা নির্বাচন অফিস:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | সভায় নিয়মিত উপস্থিতি ও নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী। |

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর শ্রীবরদী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৫৭ টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল এবং একতলা ওয়াশরুম নির্মাণের কাজ চলমান রয়েছে। ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীবরদী পৌর এলাকায় বিভিন্ন ব্যাসের পাইপ লাইন স্থাপন পূর্বক পানি সরবরাহের জন্য বিভিন্ন হাউজ হোল্ডারতের বাড়িতে প্রায় ৬০০ টি সংযোগ সম্পন্ন হয়েছে এবং ১১৮০ মিটার ড্রেনের কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় শ্রীবরদী উপজেলার কেকেরচর ইউনিয়নে হালগড়া গ্রামে ৩০০ টি পরিবারের মাঝে বিভিন্ন ব্যাসের পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের লক্ষ্যে ইতোমধ্যে উক্ত কাজের প্রায় ৯৫% কাজ সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দের নলকূপ স্থাপনের জন্য ইতোমধ্যে আবেদন গ্রহণ করা হয়েছে এবং যাচাই-বাছাই প্রক্রিয়াধীন রয়েছে। মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৩৮ টি স্থানে ৩০-৪০ টি পরিবারে স্মল ভিলেজ পাইপ ওয়াটার সাপ্লাই এর কাজ চলমান রয়েছে, অগগ্রতি ৯৮%। এই প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন ল্যাট্রিনের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৯৭%। ৩৫০-৫০০ টি পরিবারের মাঝে বিভিন্ন ব্যাসে পাইপ লাইন স্থাপন পূর্বক পানি সরবরাহের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ২৫%। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শ্রীবরদী। |

১৪। উপজেলা সমবায় বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমবায় অফিসার, শ্রীবরদী সভায় উপস্থিত কিন্তু কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, শ্রীবরদী । |

১৫। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | সভায় নিয়মিত উপস্থিতি ও নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে | আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, শ্রীবরদী । |

১৬। যুব উন্নয়ন অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন অফিসের অধিনে নিম্নোক্ত কার্যক্রম পরিচালিত হয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী। |

| ক্রম | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণ কর্মসূচি | ক) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে শেরপুর জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত প্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণের জন্য উপজেলা কার্যালয় হতে নির্ধারিত কোটা অনুযায়ী নিয়মিতভাবে আগ্রহী যুবদেরকে প্রেরণ করা হচ্ছে।<br>খ) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিভিন্ন ট্রেডে ৩০ জনের ১৪ টি ব্যাচে ৭ দিন মেয়াদী দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কোর্সে ৪২০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মার্চ/২০২৫ মাস পর্যন্ত ১৩ টি ব্যাচে ৩৯০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২ | আত্মকর্মসংস্থান সৃজন কর্মসূচি | প্রশিক্ষণ প্রাপ্ত যুব/ যুবনারীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে চলতি অর্থ বছরে ৬৯ জন যুব/ যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিতকরণের লক্ষ্যে চলতি মার্চ/২৫ মাস পর্যন্ত ৫৪ জন যুবকে তাদের তাদের গৃহিত প্রকল্প সমূহ পরিদর্শন পূর্বক বিভিন্ন দিক নির্দেশনা প্রদানের কাজ চলছে। |
| ৩ | পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি | চলতি ২০২৪-২৫ অর্থ বছরে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১টি কেন্দ্রে ৪০ জন উপকারভোগীর মাঝে ৪৮০,০০০/- ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা মধ্যে ২০ জন উপকারভোগীর মাঝে ৭৫০০০০ ঋণ বিতরণ বিতরণ করা হয়েছে । |
| ৪ | যুব ঋণ কর্মসূচি | চলতি ২০২৪-২৫ অর্থ বছরের নির্ধারিত এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৩ জন যুবকে ১৮৩০০০০ টাকা থেকে মার্চ/২৫ মাস পর্যন্ত ২৬ জন প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রকল্প গ্রহণকারী যুব/ যুবমহিলাকে ১.৪৭ লক্ষ টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। |

তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৭। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসের অধিনে নিম্নোক্ত কার্যক্রম পরিচালিত হয়েছে। | ১। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>২। নতুন লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩। ঋণ বিতরণে সর্তকতার সাথে সুবিধাভোগী বাছাই করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীবরদী |

| ক্রম | প্রকল্প/ কর্মসূচির নাম | ঋণ বিতরণ (লক্ষ্য) | | | | ঋণ আদায় (লক্ষ্য) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | হার | মাসে | বছরে | ক্রম পুঞ্জিত | হার |
| ১ | আবর্তক | ৩.৫৬ | ৭.৬০ | ১৩৪.৩৮ | ৫৭% | .৪০ | ৬.০০ | ১১০.৬৫ | ৫৩% |
| ২ | সদাবিক | ৫.০০ | ১২.৩৮ | ২৮৬.৭৭ | ২৫% | ..৯৫ | ১০.০৫ | ১৯৪.৫৪ | ৭৪% |
| ৩ | পল্লী প্রগতি | | ৩.৫৩ | ৯৫.৯৭ | ৬৫% | ০০ | ২.০৫ | ৬৯.৩৬ | ৭৮% |
| ৪ | বীর মুক্তিযোদ্ধা | | ১.২০ | ৩৫.৬২ | ৬০% | .১০ | .৪৫ | ২৪.৪৪ | ৩৮% |
| ৫ | অপ্রধান শস্য | | ৩৫.৭০ | ১৫৫.৬৫ | ৬২% | ৫.০০ | ৪০.২৫ | ১০২.৮৯ | ৮৮% |
| ৬ | গুচ্ছগ্রাম | | ০ | ১২.১২ | ০% | ০ | .১৪ | ৯.৬২ | ৩৫% |
| ৭ | এসএমই | ৫.০০ | ১৫.০০ | ৫০.০০ | ১০০% | ১.২০ | ৬.২০ | ৩১.২০ | ৮০% |
| ৮ | ফসলী | ০ | ০ | ১৭১.৭৭ | ০% | ০ | ০ | ১৬৫.০৮ | ০% |
| ৯ | মেয়াদী | ০ | ০ | ১০০.৮৩ | ০% | ০ | ০ | ৯২.৬৯ | ০% |
| | | ১৩.৫৬ | ৭৫.৪১ | ১০৪৩.১১ | ৭৯% | ১০.৪৫ | ৭.০৫ | ৭৯৮.৪৭ | ৭৮% |

এছাড়া তার দপ্তরের সকল কার্যাবলী স্বাভাবিক রয়েছে।

১৮। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে | সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী |

১৯। খাদ্য বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীবরদী সভায় জানান যে, খাদ্য বান্ধব ও ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। | মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীবরদী, |

চলমান পাতা-০৫

২০। উপজেলা পরিসংখ্যান বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিসংখ্যান অফিসার, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শ্রীবরদী। |

২১। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শ্রীবরদী। |

২২। বন বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেঞ্জার, বালিজুরী রেঞ্জ, শ্রীবরদী সভায় জানান যে, এখন ধান পাকার সময়। এ সময় হাতি খাদ্যের খোজে মাঠে চলে আসে। তিনি হাতিকে উত্তক্ত না করে বনবিভাগকে তাৎক্ষণিকভাবে অবহিত করার জন্য অনুরোধ জানান। | ব্যক্তিগতভাবে হাতিকে তাড়াতে যাওয়া যাবে না। বন বিভাগকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে | ১। রেঞ্জার, বালিজুরী রেঞ্জ, শ্রীবরদী। ২। সংশ্লিষ্ট সকল। |

২৩। বি.এ.ডি.সি (ক্ষুদ্রসেচ) বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বি.এ.ডি.সি. শ্রীবরদী সভায় জানান যে, উপজেলার মালাকোচা মৌজায় কৃষি জমিতে সেচ সংকট দূরীকরণে ২৮ জানুয়ারি/২০২৫ তারিখে উপজেলা সেচ কমিটি সভায় লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বি.এ.ডি.সি শ্রীবরদী। |

২৪। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, শ্রীবরদী। |

২৫। পল্লী সঞ্চয় ব্যাংক:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীবরদী। |

২৬। উপজেলা তথ্যকেন্দ্র:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শ্রীবরদী সভায় উপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শ্রীবরদী। |

২৭। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শ্রীবরদী। |

২৮। হিসাব রক্ষণ অফিস:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শ্রীবরদী সভায় অনুপস্থিত এবং কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শ্রীবরদী। |

২৯। পল্লী বিদ্যুৎ বিভাগ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শ্রীবরদী সভায় অনুপস্থিত। কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | ডিজিএম, শ্রীবরদী পল্লী বিদ্যুৎ সমিতি। |

৩০। ১নং সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান ১ নং সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, ১নং সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী |

৩১। ২নং রাণীশিমুল ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| প্যানেল চেয়ারম্যান, ২ নং রাণীশিমুল ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ২নং রাণীশিমুল ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩২। ৩নং কাকিলাকুড়া ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৩ নং কাকিলাকুড়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, আইন শৃংখলা স্বাভাবিক রাখতে নাশকতাকারীদের ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নাশকতার ব্যাপারে প্রশাসন ও আইন-শৃংখলা বাহিনীকে তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে। | চেয়ারম্যান, সকল। |

৩৩। ৪নং তাতিহাটি ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৪নং তাতিহাটি ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। মেয়র, শ্রীবরদী পৌরসভা। ২। অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা। ৩। সংশ্লিষ্ট সকল। |

৩৪। ৫নং গোসাইপুর ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৫নং গোসাইপুর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র পাওয়া যায়নি। | নির্ধারিত তারিখের মধ্যে প্রতিমাসের সভার সিদ্ধান্ত মোতাবেক অগ্রগতি প্রতিবেদন/ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, ৫নং গোসাইপুর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৫। ৬নং শ্রীবরদী ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৬নং শ্রীবরদী ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬নং শ্রীবরদী ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৬। ৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৭। ৮নং কেকেরচর ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৮নং কেকেরচর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৮নং কেকেরচর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৮। ৯নং কুড়িকাহনীয়া ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ৯নং কুড়িকাহনীয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৯নং কুড়িকাহনীয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৯। ১০নং গড়জরিপা ইউনিয়ন পরিষদ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, ১০নং গড়জরিপা ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী সভায় জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১০নং গড়জরিপা ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৪০। শ্রীবরদী থানা:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা'র প্রতিনিধি, সভায় জানান যে, শ্রীবরদী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সীমান্ত দিয়ে কেউ যাতে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে সবাইকে সজাগ থাকার অনুরোধ জানান। চুরি ও মাদকের ব্যাপারে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা। |

৪১। বিবিধ আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট লক্ষ্যসমূহ অর্জনের লক্ষ্যে কাজ করার অনুরোধ জানান। প্রতিমাসের উপস্থাপনায় এসডিজি এর লক্ষ্যসমূহের ভিত্তিতে স্ব-স্ব দপ্তরের অর্জনের বর্তমান অবস্থান সম্পর্কে যাবতীয় তথ্য প্রদানের অনুরোধ জানানো হয়।<br>০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন শতভাগ অর্জনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিবসহ সংশ্লিষ্ট সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদ কে অধিকর কার্যকরী করতে গঠিত ১৭ টি উপজেলা কমিটি গঠন করা হয়েছে। তিনি স্ব-স্ব সদস্য কমিটির সদস্য সচিব কে নিয়মিত কমিটির সভা করার জন্য অনুরোধ করেন। এছাড়া ইউনিয়ন কমিটির সকল সভা নিয়মিতভাবে করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>ইউনিয়ন পরিষদ ভবনে যে সকল দপ্তরের অফিস রয়েছে সেগুলো থেকে যেন নিয়মিত সেবা প্রদান করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে অনুরোধ জানান।<br>তিনি বর্জ্যপাত থেকে রক্ষা পাওয়ার জন্য ব্যক্তি উদ্যোগে রাস্তার দু'ধারে তাল গাছ রোপনের জন্য সম্মানিত মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>সামাজিক ব্যাধি বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সকলকে একযোগে কাজ করা আহবান জানান। ইউনিয়ন পর্যায়ে সরকারের গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম, অতিদরিদ্রদের কর্মসংস্থান কার্যক্রম, গ্রাম-আদালত পরিচালনা কার্যক্রম, ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম, ইউডিসির কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। | ১। উপজেলা পরিষদের ১৭ টি উপজেলা কমিটির সভা নিয়মিত করতে করতে হবে।<br>২। সকল দপ্তরকে এসডিজি'র লক্ষ্যসমূহের ভিত্তিতে নিজ নিজ কার্যালয়ের লক্ষ্যে স্থির করে তার ভিত্তিতে কার্যক্রম গ্রহণ ও অর্জন বিষয়ক উপস্থাপনা প্রদান করতে হবে।<br>৩। ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট রাখতে হবে।<br>৪। ০-৪৫ দিন বয়সের শিশু নিবন্ধনের লক্ষ্য অর্জনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব ও সংশ্লিষ্ট সকলকে জোরালো পদক্ষেপ নিতে হবে।<br>৫। ইউনিয়ন পরিষদ ভবনে যে সকল দপ্তরের অফিস রয়েছে সেগুলো খোলা রেখে থেকে নিয়মিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>৬। বর্জ্যপাত থেকে রক্ষার্থে স্ব স্ব ইউনিয়নের রাস্তায় তালগাছ রোপন করতে হবে।<br>৬। ইউনিয়ন পরিষদের সকল কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে।<br>৭। বাল্যবিবাহের কুফল সম্পর্কে ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণকে সচেতন করে তুলতে হবে। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, শ্রীবরদী।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী।<br>৩। উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী।<br>৩। ইউপি চেয়ারম্যান, সকল।<br>৫। সংশ্লিষ্ট সকল। |

এছাড়াও বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রত্যেক দপ্তরের কার্যপত্র আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

২। উপজেলা পরিষদের মাসিক সভায় হস্তান্তরিত দপ্তরের দপ্তর প্রধানকে উপস্থিত নিশ্চিত করতে হবে। বিশেষ কারণ ছাড়া প্রতিনিধি প্রেরণ করা যাবে না।

৩। সকল দপ্তর নিজস্ব অফিস ও আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি স্ব স্ব দপ্তরকে নিশ্চিত করতে হবে। পরিষদ কমপ্লেক্সের যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলা যাবে না।

৪। প্রত্যেক দপ্তর/বিভাগকে এসডিজির লক্ষ্যমাত্রা পূরণে তার দপ্তরের করণীয় কার্যক্রমের উপর ভিত্তি করে কার্যপত্র প্রেরণ করতে হবে।

৫। পাহাড় ধ্বংসের কারণ চিহ্নিত করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬। সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। নতুন কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে।

৭। উপজেলা পর্যায়ে সকল কার্যালয়ে তথ্য প্রদানকারী সকল কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। এছাড়া তথ্য অধিকার আইন, ২০০৯ সঠিকভাবে জেনে তথ্য প্রদান করতে হবে।

৮। অফিস সময়ে কোন অবস্থাতেই অফিস বন্ধ রাখা যাবে না।

৯। প্রত্যেক অফিস প্রধানকে কর্মস্থলে অবস্থান করতে হবে।

১০। সকল সরকারি দপ্তরের ভূমি উন্নয়ন কর দ্রুত পরিশোধ করতে হবে। ভূমি উন্নয়ন কর আদায়ে সহকারী কমিশনার (ভূমি) কে সার্বিক সহযোগিতা করতে হবে।

সভাপতি বাল্য বিবাহ রোধ, মাদকের চোরাচালান ও অপব্যহারের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে সকলের সহযোগিতা কামনা করেন। শ্রীবরদী উপজেলার সামগ্রিক উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যার যার অবস্থান থেকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তগুলো সঠিকভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি করেন।

১৩/৩/২৫

শেখ জাবের আহমেদ
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং: ৪৬.৪৫.৮৯৯০.০১০.০৫.০০১.১৯-০৩

তারিখ: ২৮ চৈত্র ১৪৩১ / ১৩ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ;
৩। জেলা প্রশাসক, শেরপুর;
৪। উপজেলা................................................................অফিসার, শ্রীবরদী, শেরপুর;
৫। জনাব.....................................................................................শ্রীবরদী, শেরপুর;
৬। অফিস কপি।

১৩/৩/২৫

শেখ জাবের আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।